

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-০৬

তারিখ : ০৪.০২.২০১৮

বিজ্ঞপ্তি

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” (১০ম গ্রেড) পদে ফলাফল স্থগিতকৃত ০৫ জন প্রার্থীর ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৪.০৮.২০১৭ তারিখের ৮০.০০.০০২৬.৩০১ (গোপনীয়).১৭.০০১.১৭-৩১২ নং বি জ্ঞপ্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” (১০ম গ্রেড) পদের ০৫ জন প্রার্থীর ফলাফল তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ০১টি উচ্চ পর্যায়ের কমিটি গঠিত হয়। কমিটির সুপারিশের ভিত্তিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” (১০ম গ্রেড) পদে ফলাফল স্থগিতকৃত ০৫ জন প্রার্থীর মধ্যে নিম্নোক্ত রেজিঃ নম্বরধারী ০১ জন প্রার্থীকে কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) সুপারিশ করা হয়েছে :

রেজিঃ নং ০০৭৪২৬ = ০১ জন।

২. ফলাফল স্থগিতকৃত অবশিষ্ট ০৪ জন প্রার্থীর মধ্যে ০১ (এক) জন প্রার্থী রেজিঃ নং ২০৩৫৬৩, যোগদানে অনাহত প্রকাশ করায় এবং অপর ০৩ (তিন) জন প্রার্থী রেজিঃ নং ০০০০৪০, ০২৩১৭০ ও ২০০১৪৭ নির্ধারিত সময়ের মধ্যে চাহিত প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা না দেওয়ায় উক্ত ০৪ জন প্রার্থীর প্রার্থীতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।

৩. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীর ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীকে নিয়োগ প্রদান করবে। মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদ/মুক্তিযোদ্ধা সংক্রান্ত তথ্যাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৭৭২ নং পরিপত্র অনুসরণপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীকে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৪/০২/২০১৮

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(অতিরিক্ত সচিব)